

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিদেশ প্রশিক্ষণ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নম্বর : ০৫.০০.০০০০.০০০.২০২.২৫.০০০২.২৬.৯০

তারিখ : ০৪ আষাঢ় ১৪৩৩  
১৮ জুন ২০২৬

**বিজ্ঞপ্তি**

**বিষয় : দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত 'KOICA Scholarship Program 2027'-এ অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, দক্ষিণ কোরিয়া সরকারের অর্থায়নে 'KOICA Scholarship Program 2027'-এর আওতায় বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহ এবং মাঠপ্রশাসনে কর্মরত কর্মকর্তাগণের উচ্চশিক্ষার লক্ষ্যে ১৫টি পূর্ণবৃত্তির সুযোগ পাওয়া গিয়েছে (১১টি মাস্টার্স এবং ০৪টি পিএইচডি)। প্রোগ্রামসমূহে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের যাবতীয় ব্যয় দক্ষিণ কোরিয়া সরকার কর্তৃক বহন করা হবে এবং এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না। নিম্নোক্ত শর্তবলী অনুসরণপূর্বক উল্লিখিত মাস্টার্স ও পিএইচডি প্রোগ্রামে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।


০২। বর্গিতাবস্থায়, নিম্নরূপ শর্ত সাপেক্ষে প্রতিটি প্রোগ্রামের বিপরীতে যোগ্যতার মানদণ্ড অনুযায়ী ০৪ (চার) জন প্রার্থী মনোনয়ন করত মনোনীত কর্মকর্তাগণকে জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা-২০২৩ ও KOICA'র নির্ধারিত ফর্মে আবেদনসহ প্রয়োজনীয় তথ্যাদি ই-মেইলে (Inf@erd.gov.bd) একটি ফাইলে আগামী ০৯ জুলাই ২০২৬ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- প্রার্থীর বয়স ৪০ বছর অথবা এর কম হতে হবে;
- প্রোগ্রামের বিষয়বস্তুর সঙ্গে প্রার্থীর কাজের সম্পৃক্ততা থাকতে হবে;
- প্রার্থীগণের Relevant filed of study-এ কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
- যে সকল কর্মকর্তা পূর্বে কোনো KOICA স্কলারশিপ প্রোগ্রামে অংশগ্রহণ করেননি। তবে যারা KOICA মাস্টার্স ডিগ্রি প্রোগ্রাম সম্পন্ন করেছেন এবং ইতোমধ্যে সর্বনিম্ন ৩ বছর সময় অতিক্রম হয়েছে তাঁরা ডক্টরাল ডিগ্রি প্রোগ্রামের জন্য আবেদন করতে পারবেন।

সংযুক্তি:

- 1) Offer Letter
- 2) Application Form
- 3) Application Guidelines
- 4) Cautions on Filling in Application
- 5) Announcement Poster

  
২৬/০৬/২০২৬

মু. মাহমুদ উল্লাহ মারুফ  
উপসচিব

ফোন : ০২২২৩৩৪৪২৬

ft@mopa.gov.bd

বিতরণ- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব,.....(মন্ত্রণালয়/বিভাগ (সকল))।
৪. জেলা প্রশাসক, ..... (সকল)।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
৬. সহকারী সচিব, সিপিটি অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব, বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।